ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ১৪তম সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ১৬ শ্রাবণ ১৪২৬, ৩১ জুলাই ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের এক বিশেষ অধিবেশন গত ৩১ জুলাই ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সিনেটের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এ সময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য এসিইউ'র কাউন্সিল মেম্বার নির্বাচিত

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দি এসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটি (এসিইউ)-এর কাউন্সিল মেম্বার নির্বাচিত হয়েছেন। যুক্তরাজ্যের লন্ডন ভিত্তিক এসিইউ কর্তৃপক্ষ এক বার্তায় গত ২৯ জুলাই ২০১৯ এই ঘোষণা প্রদান করে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ছাড়া বিশ্বের আরও পাঁচজন বিশিষ্ট শিক্ষাবিদ দি এসোসিয়েশন অব কমনওয়েলথ ইউনিভার্সিটি (এসিইউ)-এর কাউন্সিল মেম্বার নির্বাচিত হয়েছেন। তাঁরা হলেন শ্রীলঙ্কার শ্রী জয়বর্ধনেপুরা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সমপাথ আমারাতুঙ্গে, যুক্তরাজ্যের ইস্ট লন্ডন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আমানদা ব্রোডেরিক, মালয়েশিয়ার মনিপাল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপক ফ্রাঙ্কো গান্ডোলফি, কানাডার ইয়র্ক বিশ্ববিদ্যালয়ের ড. রোহন্দা এল লেনটন এবং দক্ষিন আফ্রিকার কেপ টাউন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মামকগেথি ফাকেং।

এছাড়া, কিংস্ কলেজ লন্ডনের প্রেসিডেন্ট অধ্যাপক এডওয়ার্ড বিরনি এসি এবং যুক্তরাজ্যের দুরহাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক স্টুয়ার্ট করব্রিজ যথাক্রমে এসিইউ'র চেয়ার এবং অনারারি ট্রেজারার

ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ

ঢাকা শহরে ডেঙ্গু জ্বরের প্রকোপ বেড়ে যাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় অনেক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারের অনেক সদস্য এই রোগে আক্রান্ত হচ্ছেন। ডেঙ্গু প্রতিরোধে বিশ্ববিদ্যালয় প্রশাসন ও বিভিন্ন হল প্রশাসন নিয়মিতভাবে ডেঙ্গুর জীবাণুবাহী এডিস মশা নিধনে ওষুধ ছিটানোসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া, এডিস মশা নিয়ন্ত্রণ ও বংশ বিস্তার রোধে ক্যাম্পাসে নিয়মিতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালানো হচ্ছে।

এডিস মশা নিয়ন্ত্রণে নিজ নিজ এলাকা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যদের প্রতি অনুরোধ জানানো হয়েছে। আবাসিক এলাকাসহ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে পরিত্যক্ত টায়ার, প্লাস্টিকের পাত্র, ডাবের খোসা, টিনের কৌটা ইত্যাদি অপসারণ করতে হবে। ফুলের টব, এসি ও ফ্রিজে যাতে পানি জমে না থাকে সেদিকে বিশেষভাবে খেয়াল রাখতে হবে।

ডেঙ্গু জ্বরে কেউ আক্রান্ত হলে দ্রুত ডাক্তারের শরণাপন্ন হতে হবে। ডেঙ্গু জ্বর সনাক্তকরণের জন্য আইসিডিডিআরবি, সরকারি হাসপাতালসহ বিভিন্ন হাসপাতালে রক্ত পরীক্ষা করতে হবে। উল্লেখ্য, ডেঙ্গু জ্বর ও রক্তের প্লাটিলেট নির্ণয়ের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় চিকিৎসা কেন্দ্রে ইতোমধ্যেই 'সেল কাউন্টার' চালু করা হয়েছে।

প্রতি মাসের প্রথম সপ্তাহকে 'ক্লিন ক্যাম্পাস উইক' ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতি মাসের প্রথম সপ্তাহকে 'ক্লিন ক্যাম্পাস উইক' হিসেবে ঘোষণা করা হয়েছে। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষকে সামনে রেখে এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন, অনুষদ, হল, ইনস্টিটিউট এবং ডাকসু'র সমন্বয়ে সমগ্র ক্যাম্পাসকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য বিশেষ অভিযান পরিচালনা করা হবে।

গত ২৮ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে প্রভোস্ট কমিটির এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, প্রধান মেডিকেল অফিসার ও এস্টেট ম্যানেজার উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী, প্রতি মাসের প্রথম সপ্তাহে 'ক্লিন ক্যাম্পাস উইক' শীর্ষক পরিচ্ছন্নতা অভিযানের মাধ্যমে অনুষদের ডিনবৃন্দ, ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ এবং হলের প্রাধ্যক্ষ ও হল সংসদ নেতৃবৃন্দ নিজ নিজ ভবন ও প্রাঙ্গণ পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। আবাসিক এলাকাগুলোতে সংশ্লিষ্ট কল্যাণ সমিতি পরিচ্ছন্নতা অভিযানের উদ্যোগ নেবে। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের অন্যান্য স্থানে এস্টেট অফিস ও ডাকসু যৌথভাবে অনুরূপ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে।

ঢাবি সিনেটের বিশেষ অধিবেশন অনুষ্ঠিত

ভাইস চ্যান্সেলর নিয়োগের জন্য তিন জনের প্যানেল মনোনীত

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের এক বিশেষ অধিবেশন গত ৩১ জুলাই ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। সিনেটের ১০৫জন সদস্যের মধ্যে ৯৩জন সদস্য এই অধিবেশনে যোগদান করেন।

সিনেটের বিশেষ অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১(১) ধারা অনুযায়ী মহামান্য চ্যান্সেলর কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগের জন্য সর্বসম্মতিক্রমে ৩ (তিন) জনের একটি প্যানেল মনোনয়ন করা হয়। প্যানেলে মনোনীতরা হলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২১ (২) ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সিনেটের এই বিশেষ অধিবেশন আহ্বান করেন।

১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু ৫ আগস্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া আগামী ৫ আগস্ট ২০১৯ সোমবার বিকাল ৪:০০টা থেকে শুরু হবে এবং ২৭ আগস্ট ২০১৯ মঙ্গলবার রাত ১২:০০টা পর্যন্ত অব্যাহত থাকবে।

গত ২৪ জুলাই ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত ১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিষয়ক সাধারণ ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন (২য় পৃষ্ঠায় দেখুন)

উপাচার্যের চীন সফর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চীনের কনফুসিয়াস ইনস্টিটিউট এবং ইউনান বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে ৬-দিনের এক সরকারি সফর শেষে গত ২৩ জুলাই ২০১৯ দেশে ফিরেছেন।

সফরকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বেইজিং-এর কনফুসিয়াস ইনস্টিটিউটের সদর দফতর এবং কুনমিং-এর ইউনান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষাবিদদের সাথে পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট দ্বিপাক্ষিক বিষয়াদি বিশেষ করে যৌথ গবেষণা, বৃত্তি ও উচ্চশিক্ষা সংক্রান্ত বিভিন্ন কর্মসূচি নিয়ে ফলপ্রসূ মতবিনিময় করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে কনফুসিয়াস ইনস্টিটিউট এবং ইউনান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা সংক্রান্ত পারস্পরিক সহযোগিতামূলক সম্পর্ক আরও বৃদ্ধি করার বিষয়েও আলোচনা করেন।

এছাড়াও, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইউনান বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ব্যাপারে উপাচার্য উক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে ফলপ্রসূ আলোচনা করেন।

উল্লেখ্য, তিনি গত ১৮ জুলাই ২০১৯ চীন গমন করেন।

প্রো-উপাচার্য (শিক্ষা)-এর কর্মস্থলে যোগদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ সিঙ্গাপুরে চিকিৎসা শেষে গত ২৪ জুলাই ২০১৯ তারিখে কর্মস্থলে যোগদান করেছেন। তিনি দীর্ঘদিন সেখানে চিকিৎসাধীন ছিলেন। তিনি সম্পূর্ণভাবে সুস্থতার জন্য সকলের কাছে দোয়া চেয়েছেন।

অধ্যাপক ড. নাসরীন আহমাদের অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে প্রো-উপাচার্য (শিক্ষা)-এর রুটিন দায়িত্ব পালন করেন।

৫২তম সমাবর্তন উপলক্ষ্যে প্রস্তুতি সভা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২তম সমাবর্তন উপলক্ষ্যে এক প্রস্তুতি সভা গত ২৫ জুলাই ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সিনেট-সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ অফিস প্রধানগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ৫২তম সমাবর্তন বর্ণাঢ্যভাবে আয়োজনের ক্ষেত্রে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভায় ১টি নির্বাহী কমিটি, ১টি ব্যবস্থাপনা কমিটি এবং ২৬টি উপ-কমিটি গঠন করা হয়।

গত ৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে আগামী ১৮ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে প্রকাশিত বিভিন্ন পরীক্ষার ফলাফল অর্জনকারী গ্র্যাজুয়েট ও পদকপ্রাপ্তগণ ৫২তম সমাবর্তনে অংশগ্রহণ করতে পারবেন। এই সমাবর্তনে অংশগ্রহণের জন্য গত ২১ জুলাই ২০১৯ তারিখ থেকে http://convocation.du.ac.bd -এর মাধ্যমে অনলাইনে আবেদন শুরু হয়েছে। আগামী ১৮ আগস্ট ২০১৯ তারিখ রাত ১২টা পর্যন্ত আবেদন করা যাবে। ইতিমধ্যেই ৫২তম সমাবর্তনের বিজ্ঞাপন পত্রিকায় প্রকাশিত হয়েছে। এছাড়াও সমাবর্তনের বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া আছে।

উল্লেখ্য, এই সমাবর্তন আগামী ৯ ডিসেম্বর ২০১৯ সোমবার অনুষ্ঠিত হবে। মহামান্য রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদের সভাপতিত্বে অনুষ্ঠেয় ৫২তম সমাবর্তনে জাপানের টোকিও বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট ফর কসমিক রে রিসার্চ-এর পরিচালক এবং নোবেল বিজয়ী পদার্থবিজ্ঞানী অধ্যাপক ড. তাকাকি কাজিতা সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। সমাবর্তন অনুষ্ঠানে তাঁকে 'ডক্টর অব লজ' (Doctor of Laws) ডিগ্রি প্রদান করা হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ এসোসিয়েশন অব ক্লিনিক্যাল বায়োকেমিষ্টস-এর যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে গত ৩১ জুলাই ২০১৯ 'ডেঙ্গু জ্বর নির্ণয় ও পরামর্শ কেন্দ্র' উদ্বোধন করেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিএসিবি'র সভাপতি অধ্যাপক ড. এমরান কবির চৌধুরী'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ গত ১৭ জুলাই ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্রে এক মনোজ্ঞ আবৃত্তি পরিবেশনার আয়োজন করে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উক্ত অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। ছবিতে উপাচার্যকে উদ্বোধনী বক্তব্য দিতে দেখা যাচ্ছে।

বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের ১ম বর্ষ বিএ (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের নবীনবরণ ও মাস্টার্স শ্রেণীর শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা গত ১৬ জুলাই ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও এমিরিটাস অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ দিনব্যাপী অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

বিভাগীয় চেয়ারপার্সন ড. ফাজরীন হুদার সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী নুরুল ইসলাম, ড. ফাদার তপন কামিলুস ডি রোজারিও এবং ছাত্র উপদেষ্টা মো. মোহসীন রেজা।

উদ্বোধনী বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, সকল ধর্মের ধর্মগ্রন্থ সমূহ হচ্ছে জ্ঞানের ভান্ডার। এগুলো পাঠ না করলে প্রকৃত জ্ঞানী হওয়া সম্ভব নয়। প্রত্যেক ধর্মেই মানুষকে ভালবাসার কথা এবং জীবের প্রতি প্রেমের কথা বলা হয়েছে। প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে নবীন শিক্ষার্থীদের শ্রেণীকক্ষে আরও বেশি মনোযোগী হওয়ার আহ্বান জানিয়ে তিনি আরো বলেন, সঠিক জ্ঞান চর্চার মধ্য দিয়েই আমরা যে কোন সংকট কাটিয়ে জাতিকে আলোকিত করতে পারি।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী বলেন, ধর্মীয় জ্ঞান হচ্ছে মানুষের জীবন ও সংস্কৃতির মূল ভিত্তি। বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিষয়ে জ্ঞান অর্জনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে এই বিভাগটি চালু না হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান অপূর্ণ থেকে যেত। বাংলাদেশসহ সারা বিশ্বের সকল মানুষের মধ্যে শান্তি, সৌহার্দ্য, সম্প্রীতি, মানবতা ও কল্যাণ বজায় রাখতে বিশ্ব ধর্ম ও সংস্কৃতির জ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউটের ২২তম ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ও ১৬তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা গত ৩১ জুলাই ২০১৯ ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. শেখ নজরুল ইসলামের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং ইনস্টিটিউটের অনারারি অধ্যাপক ড. সাগরময় বড়ুয়া। এছাড়া অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক ড. নাজমা শাহীন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, প্রাচীনকাল থেকেই এই ভারতবর্ষে খাদ্য ও পুষ্টি বিষয়ক জ্ঞান চর্চার সুনাম রয়েছে এবং এখনও অব্যাহত রয়েছে। পুষ্টি বিষয়ক জ্ঞান বৃদ্ধির কারণে বর্তমানে মানুষের জীবন-যাপনের ধরণ বদলে গেছে। খাদ্য ও পুষ্টি বিষয়ক গবেষণার মাধ্যমে জ্ঞান চর্চা করে এদেশের খাদ্যের পুষ্টিমান আরও বৃদ্ধির জন্য তিনি শিক্ষক-শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ইনস্টিটিউটের শিক্ষার্থীদের অংশগ্রহনে পরিবেশিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

কোষাধ্যক্ষের পোল্যান্ড সফর

অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন গত ২৩ জুলাই থেকে ২৯ জুলাই ২০১৯ পর্যন্ত ৭-দিনের সফরে ভিনসেন্ট পোল ইউনিভার্সিটি লুবলিন-এর আমন্ত্রণে পোল্যান্ডে সফর করেন। তিনি সেখানে Erasmus প্রোগ্রামে অংশগ্রহণ করেন।

সফরকালে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভিনসেন্ট পোল ইউনিভার্সিটি লুবলিন-এর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির জন্য সেখানকার কর্তৃপক্ষ এবং শিক্ষাবিদদের সাথে মত বিনিময় করেন।

অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে কোষাধ্যক্ষের রুটিন দায়িত্ব পালন করেন।

৭ কলেজের সমস্যার সমাধানকল্পে

১১-সদস্য বিশিষ্ট কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয়ে সরকারি সাতটি কলেজের অধিভুক্তি নিয়ে উদ্ভুত বিভিন্ন সমস্যা ও শিক্ষার্থীদের দাবির সুষ্ঠু সমাধানকল্পে কার্যকর সুপারিশ প্রদানের লক্ষ্যে গত ২৪ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদকে আহ্বায়ক করে ১১-সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে।

কমিটির সদস্যরা হলেন- কলা অনুষদের ডিন, বিজ্ঞান অনুষদের ডিন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি, ঢাকা কলেজের অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ ও সরকারি সাত কলেজের সমন্বয়ক (ফোকাল পয়েন্ট), বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ মাঈনুল করিম, ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সহ-সভাপতি এবং সাধারণ সম্পাদক।

এই কমিটিকে আগামী ১০ কার্যদিবসের মধ্যে সুপারিশ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

১মবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু ৫ আগস্ট

(১ম পৃষ্ঠার পর)

মিলনায়তনে অনুষ্ঠিত উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ২০ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার, খ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২১ সেপ্টেম্বর ২০১৯ শনিবার, গ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার, ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২৭ সেপ্টেম্বর ২০১৯ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৪ সেপ্টেম্বর ২০১৯ শনিবার এবং চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (অংকন) ২৮ সেপ্টেম্বর ২০১৯ শনিবার অনুষ্ঠিত হবে।

সভায় ভর্তি পরীক্ষায় ৭৫ নম্বরের MCQ এবং ৪৫ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। MCQ পরীক্ষার জন্য ৫০ মিনিট এবং লিখিত পরীক্ষার জন্য ৪০ মিনিট সময় নির্ধারণ করা হয়েছে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ও তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং বিজ্ঞপ্তির মাধ্যমে শিগ্‌গিরই জানিয়ে দেওয়া হবে।

ঢাবি মেডিকেল সেন্টারে ডেঙ্গু জ্বর নির্ণয় ও পরামর্শ কেন্দ্র উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ এসোসিয়েশন অব ক্লিনিক্যাল বায়োকেমিষ্টস (বিএসিবি)-এর যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে 'ডেঙ্গু জ্বর নির্ণয় ও পরামর্শ কেন্দ্র' উদ্বোধন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩১ জুলাই ২০১৯ মেডিকেল সেন্টার চত্বরে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই কেন্দ্র উদ্বোধন করেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও বিএসিবি'র সভাপতি অধ্যাপক ড. এমরান কবির চৌধুরী'র সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ হুমায়ুন কবির অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ডেঙ্গু জ্বর বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, এডিস মশা নিয়ন্ত্রণে নিজ নিজ এলাকা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

উল্লেখ্য, ডেঙ্গু রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে সব ধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

ঢাবি আন্তঃবাস রুট ফুটসাল প্রতিযোগিতায় 'উল্লাস' চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবাস রুট ফুটসাল প্রতিযোগিতার ফাইনালে উল্লাস বাস রুট দল আনন্দ বাস রুট দলকে ৩-০ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে। গত ৩১ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) এই টুর্নামেন্টের আয়োজন করে।

ফাইনাল ম্যাচের সেরা খেলোয়াড় ও সেরা গোলদাতা হয়েছেন উল্লাস বাস রুট দলের শিক্ষার্থী রাহাত। ম্যান অব দ্যা টুর্নামেন্ট হয়েছেন আনন্দ বাস রুট দলের শিক্ষার্থী মুশফিক শোভন।

ম্যাচ শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শাহ মো. মাসুম, বসুন্ধরা কিংস ক্লাবের সভাপতি মো. ইমরুল হাসান, সাবেক তারকা ফুটবলার ও ডাকসু'র সাবেক ক্রীড়া সম্পাদক শফিকুল ইসলাম মানিক, শারীরিক শিক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক মো. শাহজাহান আলী ,ডাকসু'র সহ-সাধারণ সম্পাদক মো. সাদ্দাম হোসেন, ডাকসু'র ক্রীড়া সম্পাদক শাকিল আহমেদ তানভীর সহ ডাকসু'র নেতৃবৃন্দ, শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন বাস রুটের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ২৯ জুলাই ২০১৯ সোমবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন। এতে বিশ্ববিদ্যালয়ের ১৬টি বাসরুটের শিক্ষার্থী দল অংশ নেয়।

ডিইউএসএস প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন 'ধ্রুবক'-এর ৩য় সংখ্যার মোড়ক উন্মোচন

ঢাকা ইউনিভার্সিটি সায়েন্স সোসাইটি (ডিইউএসএস) প্রকাশিত বার্ষিক ম্যাগাজিন "ধ্রুবক"-এর ৩য় সংখ্যার মোড়ক উন্মোচন অনুষ্ঠান গত ৭ জুলাই ২০১৯ উপাচার্য অফিস সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ম্যাগাজিনের মোড়ক উন্মোচন করেন। এসময় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. লাফিফা জামাল, ডিইউএসএস-এর প্রেসিডেন্ট রাইসা নাসের, সাধারণ সম্পাদক প্রত্যাশা সাহা, সহ-সভাপতি (প্রশাসন) মশিউর রহমান, প্রকাশনা সম্পাদক ফাতেমা তুজ জোহরা সাবা এবং সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি পেলেন ৬ শিক্ষার্থী

বিএস সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ৪জন মেধাবী শিক্ষার্থী 'কাজী মোতাহার হোসেন পদক' লাভ করেছেন। এছাড়া, ২জন শিক্ষার্থীকে বৃত্তি এবং রচনা প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী ৩জন শিক্ষার্থীকে পুরস্কার প্রদান করা হয়েছে।
ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩০ জুলাই ২০১৯ টিএসসি মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে পদক, বৃত্তির চেক ও পুরস্কার তুলে দেন। প্রয়াত জাতীয় অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ১২২তম জন্মদিন উপলক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন এই অনুষ্ঠান আয়োজন করে।

কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশনের সিনিয়র সদস্য অধ্যাপক নাজমা হকের সভাপতিত্বে অনুষ্ঠানে 'নজরুল চর্চায় কাজী মোতাহার হোসেন' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন ড. তপন বাগচী। পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. লুৎফর রহমান এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক কাজী রওনক হোসেন অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগের প্রথিতযশা অধ্যাপক কাজী মোতাহার হোসেনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, দেশের শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি ও গবেষণার উন্নয়ন এবং উন্নত ও সভ্য সমাজ বিনির্মাণে তিনি অনন্য অবদান রেখে গেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে বুদ্ধিমুক্তির আন্দোলনেও তিনি অগ্রণী ভূমিকা পালন করেন। তিনি একাধারে অসাম্প্রদায়িক, মানবিক ও ধর্মীয় মূল্যবোধসম্পন্ন মানুষ ছিলেন। তাঁর আদর্শ অনুসরণ করে শিক্ষার্থীদের বিজ্ঞান মনস্ক ও আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। উপাচার্য বলেন, যে শিক্ষা সমাজ ও মানব সভ্যতার উন্নয়নে কাজে লাগে না, সে শিক্ষা অর্থহীন। প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে উন্নত সমাজ গড়ার কাজে নেতৃত্ব দেয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

পদকপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- উম্মে নাঈমা ইসলাম (পরিসংখ্যান), তাসনিম ফাতেমা আলম, ইমা ইকতার ও শরিফ হোসাইন (পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট)। বৃত্তিপ্রাপ্তরা হলেন- বিকাশ পাল (পরিসংখ্যান) ও তাসনীম আরা (পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট)। রচনা প্রতিযোগিতায় বিজয়ীরা হলেন- তানজিনা আক্তার, কে এম তানভীর ও প্রিয় সাহা।

অধ্যাপক মুহাম্মদ আবদুল হাই-এর জন্মশতবর্ষ উদ্‌যাপন

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রয়াত অধ্যাপক মুহাম্মদ আবদুল হাই-এর জন্মশতবর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে গত ৩০ জুলাই ২০১৯ আর সি মজুমদার আর্টস মিলনায়তনে দিনব্যাপী সেমিনারের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সেমিনার উদ্বোধন করেন।

জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক পবিত্র সরকার, ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের অবসরপ্রাপ্ত অধ্যাপক মনসুর মূসা এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক মুহাম্মদ দানীউল হক প্রবন্ধ উপস্থাপন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী স্বাগত বক্তব্য দেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক মুহাম্মদ আবদুল হাই-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, বাংলা সাহিত্য ও সংস্কৃতির বিকাশে তিনি অসাধারণ অবদান রেখে গেছেন। তাঁর কর্মকাণ্ড শুধু সাহিত্য জগতেই সীমাবদ্ধ ছিল না। ইতিহাস রচনার ক্ষেত্রেও তিনি অসামান্য ভূমিকা পালন করে গেছেন। তাঁর আদর্শ ধারন করে আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উল্লেখ্য, অধ্যাপক মুহাম্মদ আবদুল হাই ১৯১৯ সালের ২৬ নভেম্বর জন্মগ্রহণ করেন এবং ১৯৬৯ সালের ৩ জুন ইন্তেকাল করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে গত ১৫ জুলাই ২০১৯ কার্জন হল চত্বরে "প্লাস্টিকমুক্ত সপ্তাহ"-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত সার্লোটা স্লাইটার অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকাস্থ সুইডেন দূতাবাস এবং সুইডিশ ইনস্টিটিউটের সহযোগিতায় সুইডেন অ্যালামনাই নেটওয়ার্ক ইন বাংলাদেশ এই অনুষ্ঠানের আয়োজন করে।

ক্যাম্পাসকে প্লাস্টিকমুক্ত ঘোষণা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবেশকে পরিচ্ছন্ন রাখতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে প্লাস্টিকমুক্ত করার ঘোষণা দিয়েছেন। গত ১৫ জুলাই ২০১৯ কার্জন হল চত্বরে আয়োজিত "প্লাস্টিকমুক্ত সপ্তাহ"-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই ঘোষণা দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকাস্থ সুইডেন দূতাবাস এবং সুইডিশ ইনস্টিটিউটের সহযোগিতায় সুইডেন অ্যালামনাই নেটওয়ার্ক ইন বাংলাদেশ এই অনুষ্ঠানের আয়োজন করে। "শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে প্লাস্টিকমুক্ত রাখুন" প্রতিপাদ্য নিয়ে প্লাস্টিকমুক্ত সপ্তাহের আয়োজন করা হয়।

বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত সার্লোটা স্লাইটার অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, সুইডেন অ্যালামনাই নেটওয়ার্ক ইন বাংলাদেশ-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব অনুষ্ঠানে বক্তৃতা করেন। এসময় বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে প্লাস্টিকমুক্ত রাখার ক্ষেত্রে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, প্লাস্টিক সামগ্রী মানব দেহের জন্য মারাত্মক হুমকি। এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর তিনি গুরুত্বারোপ করেন।

'গান্ধীজীকে কেমনভাবে দেখবো?' শীর্ষক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদের উদ্যোগে গত ৩১ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার আর্টস মিলনায়তনে 'গান্ধীজীকে কেমনভাবে দেখবো?' শীর্ষক এক বিশেষ বক্তৃতা অনুষ্ঠিত হয়েছে। ভারতের পশ্চিমবঙ্গের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিদ্যুৎ চক্রবর্ত্তী এই বিশেষ বক্তৃতা প্রদান করেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অধ্যাপক ড. আবদুল বাছির। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিদ্যুৎ চক্রবর্ত্তী তাঁর বক্তব্যে বলেন, মহাত্মা গান্ধী একটি আদর্শ ও চেতনার নাম। তাঁর রাজনৈতিক আদর্শ পৃথিবীতে এখনও অনুসরণ করা হচ্ছে এবং ভবিষ্যতেও করা হবে। মহাত্মা গান্ধীর বর্ণাঢ্য জীবন থেকে আমাদের অনুপ্রেরণা নেয়ার আছে, তবে কোন দৃষ্টিভঙ্গিতে দেখবো সেটা হচ্ছে আসল বিষয়। তিনি বলেন, গান্ধী সারাজীবন অহিংসা'র কথা বলেছেন। এটিই ছিল তাঁর রাজনৈতিক জীবন দর্শন এবং তাঁর এই অহিংসার ভিত্তিই হচ্ছে ভালবাসা।

একাদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের উদ্যোগে গত ২৪ জুলাই ২০১৯ থেকে অনুষ্ঠিত হয় ৪-দিন ব্যাপী 'একাদশ পল্লীকবি আন্তঃক্লাব বিতর্ক প্রতিযোগিতা'। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

জসীম উদ্‌দীন হল ডিবেটিং ক্লাবের সভাপতি মো. রুশো তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি জসীম উদ্‌দীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ এবং বাংলাদেশ আওয়ামীলীগের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক বাবু অসীম কুমার উকিল, এমপি। এছাড়াও অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন হল সংসদের সভাপতি মো. ফরহাদ আলী, হল ডিবেটিং ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি ফজলে হুদা আকন্দ বাবু, ডিবেটিং ক্লাবের সহকারী মডারেটর রেজাউল করিম এবং ঢাকা ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির সভাপতি এস. এম. রাকিব সিরাজী। অনুষ্ঠান সঞ্চালনা করেন হল ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মহসীন আলম শুভ্র।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এই আয়োজনের জন্য হল ডিবেটিং ক্লাবের সদস্যদের ধন্যবাদ জানান। বিতর্ক চর্চার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, বিতর্ক সত্যের চর্চা করে, সমাজকে আলোকিত করে এবং সংস্কৃতিকে সমৃদ্ধ করে । যারা বিতর্ক চর্চা করে, আলোচনা সভা করে, জ্ঞানের চর্চা করে তারা শুধু সিলেবাসের নির্দিষ্ট বই থেকেই শিক্ষা নেয় না বরং এর বাইরে থেকেও শিক্ষা নেয়। তিনি ক্লাসের পড়াশোনাকে পরিপূর্ণতা দিতে নিয়মিত বিতর্ক চর্চার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান ।

অনুষ্ঠানে এই প্রতিযোগিতা উপলক্ষ্যে প্রকাশিত স্মরণিকা 'উজান গাঙের নাইয়া'-এর মোড়ক উন্মোচন করা হয়। এই প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিতর্ক ক্লাবসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের বিতর্ক ক্লাব অংশগ্রহণ করে।

চারুকলা অনুষদে শিল্পকর্ম প্রদর্শনী

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদে অধ্যয়নরত হাজী মুহাম্মদ মুহসীন হলের আবাসিক/অনাবাসিক শিক্ষার্থীদের উদ্যোগে গত ১৮ জুলাই ২০১৯ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে 'শিল্পকর্ম প্রদর্শনী-২০১৯' এর আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন। হাজী মুহাম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়ার সভাপতিত্বে এতে কারুশিল্প বিভাগের চেয়ারম্যান মো. আব্দুল মোমেন মিল্টন, প্রদর্শনীর আহ্বায়ক ফাইম ইসলাম লিমন, হল সংসদের নেতৃবৃন্দ এবং হলের বর্তমান ও সাবেক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

'Mrinal Sen's Calcutta and Idea of Lumpen' শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ১৮ জুলাই ২০১৯ লেকচার থিয়েটারে "Mrinal Sen's Calcutta and the Idea of Lumpen" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. সাদেকা হালিমের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

সেমিনারে "Mrinal Sen's Calcutta and the Idea of Lumpen" শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের হিউস্টন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ড. অরিত্র মজুমদার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন লেখক ও চলচ্চিত্র গবেষক বিধান রিবেরু।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এই সেমিনার আয়োজনের জন্য উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালকসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি বলেন, এরকম সেমিনারের মাধ্যমে আমাদের শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা খুবই উপকৃত হন। সেমিনারে সারগর্ভ প্রবন্ধ উপস্থাপন করার জন্য ড. অরিত্র মজুমদারকে তিনি আন্তরিক অভিনন্দন জানান।

সেমিনারে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ বিভন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকবৃন্দ অংশ নেন।

চীনা নাট্যদলের নাটক ‘চিত্রা’ মঞ্চস্থ

চীনের পিকিং ইউনিভার্সিটির পরিবেশনায় গত ২৭ জুলাই ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে রবীন্দ্রনাথের নাটক ‘চিত্রা’ মঞ্চস্থ হয়েছে। চীনা সংস্কৃতি মাস ২০১৯ উপলক্ষ্যে ঢাকাস্থ চীনা দূতাবাস এই নাট্যানুষ্ঠানের আয়োজন করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই নাটকের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় চীনা দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স মি. লিউ ঝেনহুয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. আহমেদুল কবির, বাংলাদেশ-চীন ফ্রেন্ডশীপ সেন্টারের চেয়ারম্যান দেলওয়ার হোসেইন প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার জন্য চীনা নাট্যদলের সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে সাংস্কৃতিক কর্মকান্ড বিনিময়ের জন্য এই ধরনের উদ্যোগ খুবই গুরুত্বপূর্ণ। এর ফলে উভয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দুই দেশের সাংস্কৃতিক চর্চাকে আরও এগিয়ে নিয়ে যাবে।

চিত্রা নাটকটির নির্দেশনা দিয়েছেন হৌ ইয়ং চুয়ে, অনুবাদ করেছেন পাই থাই ইউয়ান। বন্ধুত্বপূর্ণ সম্পর্কের নিদর্শন হিসেবে চীন ও বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সংস্কৃতি বিনিময় কর্মসূচির অংশ হিসেবে এই নাট্যানুষ্ঠানের আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রণে নাট্যদলটি বর্তমানে বাংলাদেশ সফর করছে।

জগন্নাথ হল বৃত্তি পেলেন ১৫ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের ১৫জন মেধাবী ছাত্র ‘জগন্নাথ হল বৃত্তি’ লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৫ জুলাই ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. মিহির লাল সাহা, ভারপ্রাপ্ত

রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, সিনেট ও সিন্ডিকেট সদস্য এস এম বাহালুল মজনুন প্রমুখ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অসচ্ছল শিক্ষার্থীদের সহায়তায় এগিয়ে আসার জন্য সমাজের বিত্তবানদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শান্তিপূর্ণ দেশ গঠনের লক্ষ্যে শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে।

বৃত্তিপ্রাপ্ত ছাত্ররা হলেন- আনন্দ চন্দ্র সরকার (লোকপ্রশাসন), রনি দে (ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স), নিলয় চন্দ্র দত্ত (রসায়ন), জয়ন্ত চন্দ্র বর্মন, অনিক বাকালী (ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট), সত্যজিৎ দাস (সংস্কৃত), প্রশান্ত বালা (ভাষাবিজ্ঞান), দীপক চন্দ্র বর্মণ (ফার্মেসী), সিদ্ধার্থ রায় (সমাজবিজ্ঞান), আশিক কুমার বাসফোর (ম্যানেজমেন্ট), আকাশ কান্তি দে (টেলিভিশন, ফিল্ম এন্ড ফটোগ্রাফি), জয় হালদার (নৃবিজ্ঞান), সজীব কুমার দে, ইন্দ্রজিৎ বিশ্বাস (রাষ্ট্রবিজ্ঞান) এবং পলাশ চন্দ্র বর্মণ (মনোবিজ্ঞান)।

ড. মো. আজিজুল হাকিম স্বর্ণপদক প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে “ড. মো. আজিজুল হাকিম স্বর্ণপদক” প্রবর্তন করা হয়েছে। এই স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে প্রয়াত ড. মো. আজিজুল হাকিমের স্ত্রী মিসেস আসুমা বেগম ১০ লাখ টাকার একটি চেক গত ৩১ জুলাই ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামানসহ বিভাগীয় শিক্ষক ও দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের একজন মেধাবী শিক্ষার্থীকে “ড. মো. আজিজুল হাকিম স্বর্ণপদক” প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান স্বর্ণপদক তহবিলে অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। এর মাধ্যমে শিক্ষার্থীরা অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, ড. মো. আজিজুল হাকিম ১৯৪৯ সালের ৪ জানুয়ারি কুষ্টিয়ায় জন্মগ্রহণ করেন এবং ২০১২ সালের ৪ অক্টোবর খুলনায় মৃত্যুবরণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ থেকে মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

হরপ্রসাদ-শহীদুল্লাহ্ দ্বিতীয় স্মারক বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বিভাগের উদ্যোগে গত ১৫ জুলাই ২০১৯ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে ‘হরপ্রসাদ-শহীদুল্লাহ্ দ্বিতীয় স্মারক বক্তৃতা ২০১৯’ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে ‘বাংলা ভাষা ও বাংলাদেশ’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক আবুল কাসেম ফজলুল হক। বাংলা বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক সৈয়দ আকরম হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ভীষ্মদেব চৌধুরী এবং ধন্যবাদ জ্ঞাপন করেন অনুষ্ঠানের আহ্বায়ক অধ্যাপক গিয়াস শামীম।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, হরপ্রসাদ শাস্ত্রী এবং ডক্টর মুহম্মদ শহীদুল্লাহ্ সর্বদাই বিদ্যা চর্চা, জ্ঞান আহরণ এবং গবেষণার মধ্যে নিবিষ্ট ছিলেন। তাঁরা জীবনের বিভিন্ন ক্ষেত্রে বিচরণ করে আমাদের ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করেছেন তাই আমরা তাঁদের প্রতি কৃতজ্ঞ। এই বিশ্ববিদ্যালয়সহ সমাজ ও দেশকে তাঁরা যেভাবে আলোকিত করে গেছেন শিক্ষক-শিক্ষার্থীদের তিনি সে পথ অনুসরণ করার আহ্বান জানান ।

বিশেষ অতিথির বক্তব্যে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বাংলা ভাষার যথোপযুক্ত ও সঠিক চর্চার উপর গুরুত্বারোপ করেন। তিনি এ ধরনের আয়োজনে শিক্ষার্থীদের আরও বেশি করে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান এবং অনুষদের পক্ষ থেকে সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

এছাড়াও বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিভাগীয় শিক্ষার্থীদের অংশগ্রহণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলা বিভাগসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

আইএসআরটি গোল্ডেন জুবিলি এ্যাওয়ার্ড পেলেন তাসনিম আরা

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান, গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট (আইএসআরটি)-এর বিএস অনার্স পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় তাসনিম আরাকে ‘আইএসআরটি গোল্ডেন জুবিলি এ্যাওয়ার্ড-২০১৯’ প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৪ জুলাই ২০১৯ আইএসআরটি সেমিনার কক্ষে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই এ্যাওয়ার্ড প্রদান করেন।

আইএসআরটি’র পরিচালক অধ্যাপক ড. মো. ইশরাত রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী ও অধ্যাপক ড. সৈয়দ শাহাদৎ হোসেন বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার মান নিশ্চিত করতে সুষ্ঠু ব্যবস্থাপনার উপর গুরুত্বারোপ করেন। এক্ষেত্রে কার্যকর ভূমিকা পালনের জন্য তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল ছাত্র সংসদ গত ২৯ জুলাই ২০১৯ ‘পরিস্কার রাখতে বাঁধা ভুলি, ইচ্ছেটাকে জাগিয়ে তুলি’ শীর্ষক এক পরিস্কার পরিচ্ছন্নতা ও ডেঙ্গু মশা নিধন কর্মসূচির আয়োজন করে। হল প্রাধ্যক্ষ ও হল ছাত্র সংসদের সভাপতি অধ্যাপক ড. জিয়া রহমান এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হল ছাত্র সংসদের ভিপি মো. শরিফুল ইসলাম শাকিল, জিএস হাসিবুল হোসেন শান্তসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। আয়োজনের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন হল সংসদের সদস্য মো. আলী হোসাইন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫